

স্কাউট

স্কাউটিং বিশ্বব্যাপী একটি যুব সংস্থা। এর লক্ষ্য যুবকদের শারীরিক ও মানসিক বিকাশ, যাতে করে তারা সমাজ গঠনে গুরুত্বপূর্ণ অবদান রাখতে পারে। স্কাউট আন্দোলন ১৯০৭ সালে লর্ড ব্যাডেন পাওয়েল শুরু করেন। তিনি ছিলেন বিট্রিস সেনাবাহিনীর একজন অবসর প্রাপ্ত ল্যাফটেনেন্ট জেনারেল।

স্কাউট শব্দের অর্থ চর, গুপ্তচর। ১৯০৭ সালে তিনি প্রথম স্কাউট ক্যাম্প স্থাপন করেন ব্রাউন সি দ্বীপে। ১৯০৮ সালে স্কাউটদের জন্য রচনা করেন স্কাউটিং ফর বয়েজ বইটি এবং ওই বছরই আনুষ্ঠানিকভাবে বয় স্কাউটের প্রতিষ্ঠা করেন।

স্কাউটের আইন ও মূলমন্ত্র

- আত্মর্যাদায় বিশ্বাসী
- সকলে বন্ধু।
- বিনয়ী ও অনুগত।
- জীবের প্রতি সদয়।
- সদা প্রফুল্ল।
- মিতব্যায়ী।
- চিন্তা, কথা ও কাজে নির্মল।

কাব স্কাউটিং এর আজকের বাচ্চাদের জন্য যুগোপযোগী কার্যক্রম। কাব হচ্ছে স্কাউটের প্রথম ধাপ। প্রাথমিক পর্যয়ের শিক্ষার্থীরা অংশ গ্রহণ করে।

কাব আইন ২ টি-

- (ক) বড়দের কথা মেনে চলা।
- (খ) নিজেদের খেয়ালে কিছু না করা।

কাব মটো ২ টি-

১. যথাসাধ্য চেষ্টা করা।

Try to do my best.

২. প্রতিদিন কারো না কারো উপকার করা।

Do a good turn daily.

স্কাউট কী এবং কেন?

স্কাউটিং এমন একটি আন্তর্জাতিক, শিক্ষামূলক ও অরাজনৈতিক আন্দোলন যার মাধ্যমে শিশু, কিশোর ও যুবকদের শারীরিক মানসিক সামাজিক বুদ্ধি ভিত্তিক ও আধ্যাতিক ভাবে যোগ্য করে গড়ে তোলা হয়। এটি বিশ্বের একমাত্র সংগঠন, যেখানে যোগদান করতে হলে আত্মশুদ্ধি পালন করতে হয়।

কাহালু সরকারি মডেল উচ্চ বিদ্যালয়ে স্কাউট কার্যক্রমঃ-

কাহালু সরকারি মডেল উচ্চ বিদ্যালয়ে ১৯৭৫ সাল থেকে স্কাউটিং শুরু হয়ে অদ্যবধি খুব সুনামের সাথে কার্যক্রম চলছে। প্রথমে ২০ জন ছাত্র নিয়ে শুরু হয় স্কাউটিং। কাহালু উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত মহান বিজয় দিবস ও স্বাধীনতা দিবসে অত্র বিদ্যালয়ে স্কাউট দল কুচকাওয়াজ, ডিসপ্লেতে বরাবরই প্রথম স্থান অর্জন করে আসছে।

কাহালু সরকারি মডেল উচ্চ বিদ্যালয়ের ছাত্র মোঃ মিরাজুল ইসলাম ২০১৯ সালে উপজেলায় ও বগুড়া জেলা পর্যায়ে শ্রেষ্ঠ স্কাউট নির্বাচিত হয়ে বিদ্যালয়ের সুনাম বয়ে এনেছিল।

২০২৪ সালে দশম শ্রেণির ছাত্র মোঃ সোনানুর রহমান (সোহান) উপজেলা পর্যায়ে শ্রেষ্ঠ স্কাউট নির্বাচিত হয়েছে। এ ছাড়া ও অত্র বিদ্যালয়ে স্কাউট দল বিভিন্ন অনুষ্ঠান ও বিদ্যালয়ের সার্বিক শৃংখলা রক্ষায় সহযোগিতা করে থাকে।